গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

বিষয়ঃ **প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত প্রাইভেট সেক্টর ডেভেলপমেন্ট পলিসি কো-অর্ডিনেশন কমিটির (পিএসডিপিসিসি) ১৪তম সভায় গৃহিত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে ট্রেড লাইসেন্স প্রদান ও নবায়ন প্রক্রিয়া সহজীকরণ সংক্রান্ত সুপারিশমালা বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | : মুহম্মদ ইব্‌রাহিম<br>সচিব, স্থানীয় সরকার বিভাগ |
| তারিখ ও সময় | : ১১ জানুয়ারি ২০২৪ বৃহস্পতিবার, সকাল ১১:০০ ঘটিকা |
| স্থান | : সভাকক্ষ, স্থানীয় সরকার বিভাগ |
| সভার উপস্থিতি | : পরিশিষ্ট-ক |

১. সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন প্রধানমন্ত্রীর কার্যালয়ে গত ১৪/০৮/২০২৩ তারিখে অনুষ্ঠিত প্রাইভেট সেক্টর ডেভেলপমেন্ট পলিসি কো-অর্ডিনেশন কমিটির (পিএসডিপিসিসি) ১৪তম সভায় গৃহিত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে ট্রেড লাইসেন্স প্রদান ও নবায়ন প্রক্রিয়া সহজীকরণ সংক্রান্ত সুপারিশমালা বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে নিয়ে এ সভা আয়োজন করা হয়েছে। তিনি সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন)-কে আহ্বান জানান।

২. সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন) ড. মলয় চৌধুরী সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। তিনি বলেন, প্রধানমন্ত্রীর মুখ্য সচিব মহোদয়ের সভাপতিত্বে প্রধানমন্ত্রীর কার্যালয়ে গত ১৪/০৮/২০২৩ তারিখে অনুষ্ঠিত প্রাইভেট সেক্টর ডেভেলপমেন্ট পলিসি কো-অর্ডিনেশন কমিটির (পিএসডিপিসিসি) ১৪তম সভায় এ বিভাগ সংশ্লিষ্ট ৩ (তিন) টি সিদ্ধান্ত গৃহিত হয়। উক্ত সভার আলোচ্যসূচি ৩ অনুযায়ী গৃহিত ৩.২ নং সিদ্ধান্ত বাস্তবায়নে Business Initiative Leading Development (BUILD) কর্তৃক ট্রেড লাইসেন্স সংক্রান্ত সুপারিশমালা বিষয়ক একটি উপস্থাপনা প্রদান করা হবে। সভার ৩.৪ নং সিদ্ধান্ত অনুযায়ী ট্রেড লাইসেন্স প্রদান ও নবায়ন প্রক্রিয়া সহজীকরণ সংক্রান্ত সুপারিশমালা বাস্তবায়নের বিষয়ে এ বিভাগ কর্তৃক গৃহিত কার্যক্রম সম্পর্কিত প্রতিবেদন গত ১ অক্টোবর ২০২৩ তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। এছাড়া, উক্ত সভায় গৃহিত ২.১৫ নং সিদ্ধান্ত বাস্তবায়নে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন অধীনস্থ প্লাস্টিক শিল্প কারখানাগুলোকে ট্রেড লাইসেন্স প্রদান ও নবায়নের বিষয়ে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্তৃক গৃহিত কার্যক্রম সম্পর্কে জানা প্রয়োজন। তিনি এ বিষয়ে গৃহিত কার্যক্রম সম্পর্কে জানানোর জন্য ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের প্রতিনিধিকে অনুরোধ জানান।

৩. ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের মহাব্যবস্থাপক (পরিবহন) জনাব মোঃ হায়দার আলী (যুগ্মসচিব) বলেন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন অধিক্ষেত্রে বেশ কিছু প্লাস্টিক কারখানা ও কেমিক্যাল গোডাউনে অগ্নিকান্ড সংঘটিত হওয়ায় ২০১৩ সাল হতে কেমিক্যাল এবং ২০১৮-২০১৯ সাল হতে কেমিক্যাল ও প্লাস্টিক কারখানা/গোডাউন হিসেবে ব্যবহৃত ১,৮০০ (এক হাজার আটশত) এর অধিক ব্যবসা প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স প্রদান ও নবায়ন বন্ধ রাখা হয়েছে। এতে সিটি কর্পোরেশন বিপুল পরিমাণ রাজস্ব হতে বঞ্চিত হচ্ছে। তাই এ বিষয়ে সিদ্ধান্ত প্রদানের জন্য তিনি সভাপতিকে অনুরোধ জানান।

নম্বরঃ ২০৫ তারিখঃ ২৯/০২/২৪
ইউনিয়ন পরিষদ-১ শাখা
ইউনিয়ন পরিষদ-২ শাখা
যুগ্মসচিব (ইউনিয়ন পরিষদ) অধিশাখা

১৫৮

৪. সভাপতি রাজধানীর শ্যামপুর ও কদমতলী এলাকায় অবস্থিত কেমিক্যাল গোডাউনগুলো অন্যত্র স্থানান্তরের বিষয়ে শিল্প মন্ত্রণালয়ের নির্দেশনার বিষয়ে গৃহিত কার্যক্রমের সর্বশেষ অগ্রগতি জানতে চাইলে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের উপ-প্রধান রাজস্ব কর্মকর্তা জনাব মোঃ শাহজাহান আলী জানান, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র এবং সচিব, শিল্প মন্ত্রণালয় এর উপস্থিতিতে গত ৪/৬/২০২৩ তারিখে সাভারে ৫৪টি শেডবিশিষ্ট নতুন কেমিক্যাল গোডাউন উদ্বোধন করা হয়েছে। সেখানে পুরান ঢাকা হতে কেমিক্যাল গোডাউন স্থানান্তরের কার্যক্রম চলমান রয়েছে।

৫. Business Initiative Leading Development (BUILD) এর প্রধান নির্বাহী কর্মকর্তা মিজ্ ফেরদৌস আরা বেগম ব্যবসা সহজীকরণে ট্রেড লাইসেন্স এক বছর হতে পাঁচ বছর মেয়াদে প্রদান ও নবায়ন এবং ট্রেড লাইসেন্স এর অভিন্ন ও নির্ধারিত আবেদনপত্র ও ফরমেট প্রস্তুত করার জন্য স্থানীয় সরকার বিভাগকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি বলেন, ছোট ছোট উদ্যোক্তা (Entrepreneur) যারা আছেন, তাদের জন্য ট্রেড লাইসেন্স সেবা সহজীকরণে অন্তবর্তীকালীন (Interim) সাপোর্ট এর জন্য পলিসি গ্রহণ করা প্রয়োজন। যতদিন পর্যন্ত পুরান ঢাকায় অবস্থিত প্লাস্টিক ও কেমিক্যাল শিল্প কারখানাগুলো নতুন শিল্প নগরীতে স্থানান্তর হচ্ছে না, ততদিন পর্যন্ত কমপ্লায়েন্স মেনে চলা কারখানাসমূহকে শিল্প মন্ত্রণালয়ের সাথে আলোচনার মাধ্যমে এডহক বেসিসে ট্রেড লাইসেন্স ইস্যু ও নবায়ন করা প্রয়োজন। এ বিষয়ে সিদ্ধান্ত প্রদানের জন্য তিনি সভাপতিকে অনুরোধ জানান।

৬. পরবর্তীতে BUILD এর সিনিয়র রিসার্চ এসোসিয়েট মিজ্ কানিজ ফাতেমা ট্রেড লাইসেন্স বিষয়ক সুপারিশমালা উপস্থাপন করেন। তিনি বলেন, আয়কর আইন, ২০২৩ এর ধারা ১৩১ অনুযায়ী ট্রেড লাইসেন্স নবায়নের জন্য পৌরসভা এবং ইউনিয়ন পরিষেদের ক্ষেত্রে উৎসে আয়কর প্রদানের প্রক্রিয়াটি যাচাই করা প্রয়োজন। ট্রেড লাইসেন্স এক বছর হতে পাঁচ বছর মেয়াদে প্রদান এবং ট্রেড লাইসেন্স এর অভিন্ন ও নির্ধারিত আবেদনপত্র ও ফরমেট চালু হওয়ার বিষয়টি ব্যাপকভাবে প্রচার করা এবং ট্রেড লাইসেন্স প্রদানের সময় থেকে পরবর্তী ১ (এক) বছর মেয়াদে তা ইস্যু করা দরকার। এছাড়া, ক্ষুদ্র ব্যবসায়ী এবং ম্যানুফ্যাকচারিং এর সাথে সংশ্লিষ্টদের ট্রেড লাইসেন্স ফি যৌক্তিক করা এবং ট্রেড লাইসেন্স এর জন্য সংশ্লিষ্ট আইন বা আদর্শ কর তফসিল বহির্ভূত অতিরিক্ত চার্জ বা ফি আরোপের বিষয়টি যাচাই করা প্রয়োজন। তিনি সকল সিটি কর্পোরেশন, পৌরসভা ও ইউনিয়ন পরিষদের ট্রেড লাইসেন্স প্রদানে কেন্দ্রীয়ভাবে সফটওয়্যার প্রবর্তনের বিষয়টি বিবেচনার জন্য সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন।

৭. এ পর্যায়ে সভাপতি বলেন, সিটি কর্পোরেশন ও পৌরসভাসমূহ ভিন্ন ভিন্ন সফটওয়্যারের মাধ্যমে ট্রেড লাইসেন্স সেবাটি অনলাইনে প্রদান করে আসছে। এতে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন ও পৌরসভাগুলোর অনেক অর্থ ব্যয় হয়েছে। এখন কেন্দ্রীয়ভাবে একটি সফটওয়্যারের মাধ্যমে সেবা প্রদান করতে চাইলে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন ও পৌরসভাগুলোর আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হবার সম্ভাবনা রয়েছে। তাই সিটি কর্পোরেশন ও পৌরসভাসমূহে চালুকৃত সফটওয়্যার কেন্দ্রীয়ভাবে একটি সফটওয়্যারে ইন্টিগ্রেশন করার বিষয়টি বিবেচনা করা যেতে পারে। পৌরসভা ও ইউনিয়ন পরিষদ এলাকায় অবস্থিত শিল্প প্রতিষ্ঠান বা কল-কারখানা বিবেচনায় কর তফসিল/আইন বহির্ভূত অতিরিক্ত কোনো চার্জ বা ফি আরোপ করা যাবে না। এটি করা হলে সংশ্লিষ্ট পৌরসভা বা ইউনিয়ন পরিষদের সংশ্লিষ্ট জনপ্রতিনিধি বা কর্মকর্তাদের বিরুদ্ধে আইন অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৮. বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) এর মহাপরিচালক গাজী এ কে এম ফজলুল হক বলেন, 'স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯' এর ধারা ৪১ অনুযায়ী তৃতীয় তফসিলে সিটি কর্পোরেশনের দায়িত্ব ও কার্যাবলিতে বর্ণিত ২৮ টি ক্ষেত্রের মধ্যে তিনটি ক্রমিকে যথা-১১.১(ক), ১৩.১ এবং ২২-এ ব্যবসা পরিচালনার জন্য লাইসেন্স প্রদানের বিষয়ে উল্লেখ রয়েছে। উক্ত আইনের ধারা ৮২ অনুযায়ী চতুর্থ তফসিলে ২৬ টি ক্ষেত্রে কর্পোরেশন কর্তৃক আরোপনীয় কর, উপকর, রেইট, টোল এবং ফিস এর উল্লেখ রয়েছে কিন্তু লাইসেন্স প্রদানের জন্য কোনো কর বা ফিস আরোপের বিষয়ে উল্লেখ নেই।

৯. অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ ড. মহঃ শের আলী বলেন, এ বিভাগ হতে সকল ইউনিয়ন পরিষদের জন্যও ট্রেড লাইসেন্স এর অভিন্ন ও সমন্বিত (Unified) ফরমেট করে দেওয়া হয়েছে। ব্যবসায়ীদের সুবিধার্থে ট্রেড লাইসেন্স গ্রহণ সহজীকরণ সংক্রান্ত টিউটেরিয়াল ভিডিও প্রস্তুত করার উদ্যোগ নেওয়া হচ্ছে। সরকার নির্ধারিত করের বাইরে অন্য কোনো ফি বা চার্জ বাবদ কোনো অর্থ যেন না আদায় করা হয় সেজন্য সংশ্লিষ্ট সকল ইউনিয়ন পরিষদগুলোকে নির্দেশনা প্রদান করা হয়েছে মর্মে তিনি জানান।

১০. পরবর্তীতে BUILD এর প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন, সিটি কর্পোরেশন, পৌরসভা ও ইউনিয়ন পরিষদ হতে প্রতি বছর কী পরিমান ট্রেড লাইসেন্স ইস্যু ও নবায়ন করা হয় তার প্রতি বছরের হালনাগাদ তথ্য স্ব স্ব ওয়েবসাইটে প্রকাশ করা হলে ট্রেড লাইসেন্সবিহীন ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে ট্রেড লাইসেন্সের আওতায় নিয়ে আসা সম্ভব হবে। একইসাথে এখাতে সরকারের রাজস্ব আয় কত হলো তাও জানা যাবে। এ প্রেক্ষিতে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের সিস্টেম এনালিস্ট জনাব আবু তৈয়ব রোকন জানান, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনে ২০২২-২৩ অর্থ বছরে ৪০৪২১ (চল্লিশ হাজার চারশত বিয়াল্লিশ) টি নতুন ট্রেড লাইসেন্স ইস্যু করা হয়েছে এবং ১,৫১,৫৩৪ (এক লক্ষ একান্ন হাজার পাঁচশত চৌত্রিশ) টি ট্রেড লাইসেন্স নবায়ন করা হয়েছে।

১১. এ পর্যায়ে সভাপতি সকল সিটি কর্পোরেশন, পৌরসভা ও ইউনিয়ন পরিষদে ২০১৪-১৫ অর্থ বছর হতে এ পর্যন্ত কী পরিমাণ ট্রেড লাইসেন্স ইস্যু ও নবায়ন করা হয়েছে এবং এ খাতে কী পরিমাণ রাজস্ব আয় হয়েছে তার বছরভিত্তিক তথ্য প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। উক্ত তথ্য স্ব স্ব ওয়েবসাইটে প্রকাশপূর্বক প্রতিবছর হালনাগাদ করার জন্যও তিনি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।

১২. জনাব মোহাম্মদ নূরে আলম সিদ্দিকী, যুগ্মসচিব (নগর উন্নয়ন-১), স্থানীয় সরকার বিভাগ বলেন, ট্রেড লাইসেন্স সংক্রান্ত বিষয়ে কর তফসিল ও আইনের সংশ্লিষ্ট ধারা সংশোধনের যে প্রস্তাবগুলো BUILD হতে পাওয়া গেছে তা রিভিউ করা যেতে পারে। আয়কর আইন, ২০২৩ অনুযায়ী উৎসে আয়কর ন্যূনতম ৩০০০ (তিন হাজার) টাকা উল্লেখ থাকলেও ট্রেড লাইসেন্স নবায়নের ক্ষেত্রে তা ট্রেড লাইসেন্স ফি এর সাথে অসামঞ্জস্যপূর্ণ। এ বিষয়ে প্রয়োজনে জাতীয় রাজস্ব বোর্ড এর সাথে আলোচনা করা যেতে পারে মর্মে তিনি জানান।

১৩. ড. মলয় চৌধুরী, অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন) বলেন, ট্রেড লাইসেন্স সহজীকরণ বিষয়ে ইতঃপূর্বে অনুষ্ঠিত কয়েকটি সভায় সকল সিটি কর্পোরেশনের পাশাপাশি পৌরসভাগুলোর ট্রেড লাইসেন্সও অনলাইনে চালু করার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। তিনি বিডার অনলাইন ওয়ানস্টপ সার্ভিস (ওএসএস) সিস্টেমের সাথে প্রাথমিকভাবে সংযুক্ত করা যায় এমন পৌরসভা ও ইউনিয়ন পরিষদ নির্বাচনের তালিকা দ্রুততম সময়ের মধ্যে এ বিভাগে প্রেরণের জন্য বিডার প্রতিনিধিকে অনুরোধ জানান।

১৪. সভাপতি এ পর্যায়ে বলেন, সকল ইউনিয়ন পরিষদের ওয়েবসাইট সচল নেই, কিছু কিছু ওয়েবসাইট থাকলেও তা যথাযথভাবে মেইনটেইন করা হয় না। তিনি প্রতিটি উপজেলার ওয়েবসাইটে ট্রেড লাইসেন্স এর ফরম ও নিয়মকানুনসহ অন্যান্য আনুসংগিক বিষয়গুলো অন্তর্ভুক্ত করে 'ট্রেড লাইসেন্স সংক্রান্ত তথ্যাবলি' নামে একটি কর্ণার তৈরী করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন।

১৫. মোহাম্মদ শামছুল ইসলাম, উপসচিব (সিটি কর্পোরেশন-১) বলেন, অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন) এর সভাপতিত্বে অনুষ্ঠিত বিগত সভায় ঢাকা উত্তর, চট্টগ্রাম, নারায়ণগঞ্জ ও গাজীপুর সিটি কর্পোরেশনের ট্রেড লাইসেন্স সেবা দ্রুততম সময়ের মধ্যে বিডার ওয়ানস্টপ সার্ভিস পোর্টালের সাথে সংযুক্ত করার সিদ্ধান্ত গৃহিত হয়। তিনি সিদ্ধান্তটি বাস্তবায়নে টেকনিক্যাল সাপোর্ট প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিডার প্রতিনিধিকে অনুরোধ জানান।

১৬. সভাপতি তাঁর সমাপনী বক্তব্যে বলেন, আমরা চাই ব্যবসা সহজীকরণ, ব্যবসা ও বিনিয়োগবান্ধব পরিবেশ নিশ্চিত করতে। তবে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের রাজস্ব আয়ের বিষয়টিও গুরুত্বপূর্ণ। নাগরিক সেবা প্রদান করতে হলে রাজস্ব আয় বৃদ্ধি করতে হবে। তবে সেবাপ্রত্যাশীদের নিকট হতে অযৌক্তিক বা আইন বহির্ভূতভাবে কোনো অতিরিক্ত ফি বা চার্জ আরোপ করা যাবে না। নাগরিক সেবা এবং রাজস্ব আয় এ দু'টি বিষয়ের মধ্যে সমন্বয় নিশ্চিত করতে হবে।

১৭. **সিদ্ধান্ত:**

বিস্তারিত আলোচনা শেষে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়:

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১. | স্থানীয় সরকার বিভাগ পুরান ঢাকায় বিদ্যমান প্লাস্টিক শিল্প কারখানাগুলোকে অন্তবর্তীকালীন (এডহক বেসিসে) ট্রেড লাইসেন্স ইস্যু/ নবায়নের বিষয়ে শিল্প মন্ত্রণালয় এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনসহ সংশ্লিষ্ট সকলকে নিয়ে একটি সভার আয়োজন করবে। | স্থানীয় সরকার বিভাগ |
| ২. | ট্রেড লাইসেন্স ইস্যু ও নবায়নকালে সংশ্লিষ্ট আইন/কর তফসিলে বর্ণিত ফি বা চার্জ এর অতিরিক্ত কোনো অর্থ আদায় করা যাবে না। এর ব্যত্যয় হলে সংশ্লিষ্ট/দায়ী ব্যক্তির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (১) সিটি কর্পোরেশন (সকল)<br>(২) পৌরসভা (সকল)<br>(৩) ইউনিয়ন পরিষদ (সকল) |
| ৩. | ২০১৪-১৫ অর্থ বছর হতে অদ্যাবধি কী পরিমাণ ট্রেড লাইসেন্স ইস্যু ও নবায়ন করা হয়েছে এবং এখাতে কী পরিমাণ রাজস্ব আয় হয়েছে তার বছরভিত্তিক তথ্য আগামী ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে এবং স্ব স্ব ওয়েবসাইটে প্রকাশপূর্বক প্রতিবছর তা হালনাগাদ করতে হবে। | (১) সিটি কর্পোরেশন (সকল)<br>(২) পৌরসভা (সকল)<br>(৩) ইউনিয়ন পরিষদ (সকল) |
| ৪. | ট্রেড লাইসেন্স সেবা সহজীকরণের লক্ষ্যে কেন্দ্রীয়ভাবে সফট্ওয়্যার প্রবর্তন করে তার সাথে সিটি কর্পোরেশন, পৌরসভা ও ইউনিয়ন পরিষদের ট্রেড লাইসেন্স এর বিদ্যমান সকল সফটওয়্যার ইন্টিগ্রেশনের উদ্যোগ গ্রহণ করতে হবে। | (১) স্থানীয় সরকার বিভাগ<br>(২) বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) |
| ৫. | ইউনিয়ন পরিষদ অধিক্ষেত্রের ব্যবসায়ী বা উদ্যোক্তাগণ যাতে সহজেই ট্রেড লাইসেন্স সেবা গ্রহণ করতে পারেন, সেজন্য প্রতিটি উপজেলার ওয়েবসাইটে ট্রেড লাইসেন্স এর ফরম ও নিয়মকানুনসহ অন্যান্য আনুসংগিক বিষয়গুলো অন্তর্ভুক্ত করে 'ট্রেড লাইসেন্স বিষয়ক তথ্যাবলি' শীর্ষক একটি কর্ণার তৈরী করতে হবে। | (১) যুগ্মসচিব (উপজেলা)<br>(২) উপপরিচালক, স্থানীয় সরকার (সকল)<br>(৩) চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল)<br>(৪) উপজেলা নির্বাহী অফিসার (সকল) |
| ৬. | বিডার অনলাইন ওয়ানস্টপ সার্ভিস (ওএসএস) সিস্টেমের সাথে সংযুক্ত করা প্রয়োজন এমন পৌরসভা ও ইউনিয়ন পরিষদের তালিকা দ্রুততম সময়ের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে। | বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) |
| ৭. | ঢাকা উত্তর, চট্টগ্রাম, নারায়ণগঞ্জ ও গাজীপুর সিটি কর্পোরেশনের ট্রেড লাইসেন্স সেবা দ্রুততম সময়ের মধ্যে বিডার ওয়ানস্টপ সার্ভিস পোর্টালের সাথে সংযুক্ত করার লক্ষ্যে প্রয়োজনীয় টেকনিক্যাল সাপোর্ট প্রদান নিশ্চিত করতে হবে। | (১) বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা)<br>(২) সিটি কর্পোরেশন (সংশ্লিষ্ট) |

২৬

| | | |
|---|---|---|
| ৮. | ক্ষুদ্র এবং এসএমই ব্যবসায়ী/উদ্যোক্তাদের ট্রেড লাইসেন্স নবায়নকালে আয়কর আইন, ২০২৩ অনুযায়ী সিটি কর্পোরেশন, পৌরসভা ও ইউনিয়ন পরিষদভেদে যৌক্তিকভাবে আয়কর হার নির্ধারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জাতীয় রাজস্ব বোর্ডকে পত্র প্রেরণ করতে হবে। | স্থানীয় সরকার বিভাগ |
| ৯. | (ক) ব্যবসার ধরণ বিবেচনায় সিটি কর্পোরেশন আদর্শ কর তফসিল, ২০১৬ অনুসারে বিভিন্ন ক্ষুদ্র ব্যবসায়ী, ম্যানুফ্যাকচারিং প্রতিষ্ঠান এর ট্রেড লাইসেন্স ফি যৌক্তিকভাবে পুনর্নির্ধারণের বিষয়টি পর্যালোচনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | স্থানীয় সরকার বিভাগ |
| | (খ) আমদানি/রপ্তানি নিবন্ধন এর ন্যায় ট্রেড লাইসেন্স এর মেয়াদ লাইসেন্স প্রদান/নবায়নের তারিখ থেকে গণনা করার বিষয়টি পরীক্ষা-নিরীক্ষা করে প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে। | |
| | (খ) স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন-২০০৯ এর ধারা-৪১ অনুযায়ী কর্পোরেশনের দায়িত্ব ও কার্যাবলী এবং ধারা ৮২ (কর আরোপ) অনুযায়ী সকল ব্যবসা হতে 'পেশা বা বৃত্তি কর' এর বিপরীতে ট্রেড লাইসেন্স প্রদানের এখতিয়ারের বিষয়টি পর্যালোচনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| ১০. | ট্রেড লাইসেন্স এর অভিন্ন ও নির্ধারিত আবেদনপত্র ও চেকলিস্ট প্রণয়ন এবং আবেদনকারীর চাহিদা অনুযায়ী ট্রেড লাইসেন্স এক বছর হতে একত্রে সর্বোচ্চ ৫ (পাঁচ) বছর পর্যন্ত ইস্যু ও নবায়ন করার বিষয়টি স্ব স্ব ওয়েবসাইটে প্রকাশসহ ব্যাপকভাবে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (১) সিটি কর্পোরেশন (সকল)<br>(২) পৌরসভা (সকল)<br>(৩) ইউনিয়ন পরিষদ (সকল) |

১৮. পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে মূল্যবান মতামত ও পরামর্শ প্রদানের জন্য আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩।১।২৪

**মুহম্মদ ইব্রাহিম**
**সচিব**
**স্থানীয় সরকার বিভাগ**

স্মারক নং- ৪৬.০০.০০০০.০৭০.১৮.০০৬.২৩-৭৮

তারিখঃ ৯ মাঘ ১৪৩০ / ২৩ জানুয়ারি ২০২৪

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৪। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, আগারগাঁও, ঢাকা।
৫। অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। প্রধান নির্বাহী কর্মকর্তা........................ সিটি কর্পোরেশন (সকল)।
৭। যুগ্মসচিব (নগর উন্নয়ন অনুবিভাগ/নগর উন্নয়ন-১/নগর উন্নয়ন-২/ইউনিয়ন পরিষদ/উপজেলা), স্থানীয় সরকার বিভাগ।
৮। উপসচিব (সিটি কর্পোরেশন-২/পৌর-১,২/ইউপি-১,২), স্থানীয় সরকার বিভাগ।
৯। উপপরিচালক, স্থানীয় সরকার, ................ জেলা (সকল)।
১০। চেয়ারম্যান, .............................. উপজেলা পরিষদ (সকল)

১১। উপজেলা নির্বাহী অফিসার, ..................... উপজেলা (সকল)।
১২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩। মেয়র/প্রধান নির্বাহী কর্মকর্তা, ............................ পৌরসভা (সংশ্লিষ্ট)।
১৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, Business Initiative Leading Development (BUILD) ঢাকা চেম্বার বিল্ডিং (৯ম তলা), ৬৫-৬৬ মতিঝিল বা/এ, ঢাকা।
১৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬। অফিস কপি।

২৩.১.২০২৪


(মোহাম্মদ শামিছুল ইসলাম)
উপসচিব
ফোন: ০২-২২৩৩৫৩৬২৫
মুঠোফোন: ০১৭১৬-৪২৬১২০
ই-মেইল: lgcc1@lgd.gov.bd